

“ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নড়াইল।
www.fpo.narail.gov.bd



স্মারক নং-জেপপ/নড়া/২০২২/৬৩০/১(২)

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নড়াইল এর স্মারক নং-জেপপ/নড়া/২০২২/৬২৯; তারিখ: ১৪/১০/২০২২ খ্রি. মোতাবেক প্রকাশিত ০২ (দুই) ক্যাটাগরির জনবল নিয়োগ সংক্রান্ত লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখকৃত নিম্নবর্ণিত শর্তানুযায়ী সনদ/কাগজপত্র আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে বিনা ব্যর্থতায় জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নড়াইলে সরাসরি/ডাকযোগে/কুরিয়ারে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

নিয়োগ বিজ্ঞপ্তির ৭ নং শর্তাবলি:

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে নিয়োক্ত সনদ/কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক সত্যায়ন করে ১ (এক) সেট জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সরাসরি/ডাকযোগে/কুরিয়ারে জমা দিতে হবে:

- প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);
- প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;
- মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র;
- আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ (আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক অবশ্যই উল্লেখ করতে হবে);
- আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র, গেজেট, লাল মুক্তি বার্তা/ভারতীয় তালিকার ছয়ালিপি;
- ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
- জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;
- Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);


২০/১০/২২

(এ.কে.এম সেলিম ভূঁইয়া)

উপপরিচালক

ও সদস্য সচিব

পরিবার পরিকল্পনা ওয় ও ৪র্থ শ্রেণির
জনবল নিয়োগ/বাছাই কমিটি, নড়াইল।

ফোন: ০২৪৭৭৭৭৩৪৯৪


ইমেইল: ddfpnarail@yahoo.com

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

স্মারক নং-জেপপ/নড়া/২০২২/৬৩০/১(২)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল:

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ২। পরিচালক (প্রশাসন/অর্থ), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৩। পরিচালক (যুগ্মসচিব), পরিবার পরিকল্পনা, খুলনা বিভাগ, খুলনা।
- ৪। জেলা প্রশাসক ও সভাপতি জেলা পরিবার পরিকল্পনা ওয় ও ৪র্থ শ্রেণির নিয়োগ/বাছাই কমিটি, নড়াইল।
- ৫। সিভিল সার্জন ও সদস্য জেলা পরিবার পরিকল্পনা ওয় ও ৪র্থ শ্রেণির নিয়োগ/বাছাই কমিটি, নড়াইল। (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। উপপরিচালক (পার্সোনাল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৭। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), (সকল), নড়াইল। (আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল এবং আপনার নিয়ন্ত্রনাধীন সকল ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল)।


২০/১০/২২

(এ.কে.এম সেলিম ভূঁইয়া)

উপপরিচালক

ও সদস্য সচিব

জেলা পরিবার পরিকল্পনা নিয়োগ/বাছাই কমিটি
পরিবার পরিকল্পনা, নড়াইল।